ইকো-সোশ্যাল ডেভলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও)

গোবিন্দনগর, ঠাকুরগাঁও।

টেন্ডার সিডিউল

(পিপিইপিপি- এফ সি ডি ও) খরিপ-২

কাজের নামঃ শাক ও সবজি বীজ সরবরাহ/ক্রয় কাজ-২

Eco-Social Development Organisation (ESDO)
Date 14.06.2022
Collegepara, Thakurgaon

কাজের বর্ণনাঃ

ইকো-সোশ্যাল ডেভলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও) একটি জাতীয় পর্যায়ের বেসরকারী সংস্থা, যা গত ১৯৮৮ সাল হতে সামাজিক উন্নয়ন ও দক্ষতা বৃদ্ধি মূলক বিভিন্ন কার্যক্রম/প্রকল্প বাস্তবায়ন করে আসছে। সংস্থাটি পিকেএসএফ এর সহায়তায়-পিপিইপিপি প্রকল্পের আওতায় রংপুর, কুড়িগ্রাম ও নীলফামারী জেলার গঙ্গাচড়া, নাগেশ্বরী, কুড়িগ্রাম সদর, জলঢাকা ও ডিমলা উপজেলায় বাস্তবায়ন করছে। উক্ত প্রকল্পের অতি দরিদ্র সদস্যদের সবজির বীজ ক্রয়ের নিমিত্তে প্রকৃত ব্যবসায়ী, কোম্পানী, সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে ইএসডিও কর্তৃক নির্ধারিত সিডিউলে ও শর্তাবলী সাপেক্ষে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

পূরণকৃত দরপত্র সমূহ আগামী ২৩/০৬/২০২২ইং তারিখ বেলা ১২.০০ ঘটিকার মধ্যে সীল মোহরকৃত খামে **আহ্বায়ক, কেন্দ্রীয় ক্রয় কমিটি, ইএসডিও প্রধান কার্যালয়, গোবিন্দনগর, ঠাকুরগাঁও বরাবরে** কুরিয়ার/ডাক যোগে অথবা সরাসরি টেন্ডার বক্স এ জমা/প্রেরণ করা যাবে। দাখিলকৃত দরপত্র সমূহ উক্ত ২৩/০৬/২০২২ইং তারিখ বেলা ১২:৩০ টায় ইএসডিও প্রধান কার্যালয় কনফারেন্স রুম, গোবিন্দনগর ঠাকুরগাঁও এ খোলা হবে (উক্ত সময়ে আগ্রহী দরদাতাগণ উপস্থিত থাকতে পারবেন)।

দরপত্র দাখিলের শর্তাবলী ঃ

১. সিডিউলটি যথাযথ ভাবে পূরন করে দরদাতা প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে দর/আর্থিক প্রস্তাবনা পত্র সহ জমা করতে পারবেন।

২. দরপত্রের খাম সীল মোহরকৃত হতে হবে এবং দরদাতাকে অবশ্যই দরপত্রের প্রতিটি পাতায় সীলসহ স্বাক্ষর প্রদান করতে হবে।

৩. দরপত্রের সাথে হাল নাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন ও TIN সার্টিফিকেট এর অনুলিপি অবশ্যই দাখিল করতে হবে।

৪. **ক) বীজ সমূহ স্বনামধন্য কোম্পানীর** যেমন- লালতীর, মেটাল, ইস্পাহানী, ব্র্যাক ইত্যাদি হতে সরবরাহ করতে হবে।

   খ) বীজ সমূহ ফাউন্ডেশন/সার্টিফাইড হতে হবে। কোন ভাবেই টিএলএস বীজ গ্রহণ করা হবে না।

   গ) বীজ সমূহ অবশ্যই উল্লেখিত কোম্পানী থেকে নিজস্ব প্যাকেটে দরপত্রে উল্লেখিত পরিমানে প্যাকেটজাত করে সরবরাহ করতে হবে।

   ঘ) বীজ সমূহ উৎপাদনের তারিখ হতে সর্বোচ্চ একবছরের মধ্যেই হতে হবে, কোনভাবেই এক বছর অধিক সময় পূর্বের উৎপাদিত বীজ গ্রহন করা হবে না।

৫. **বীজ জার্মিনেশনঃ** সরবরাহকৃত বীজ সমূহের **নূন্যতম ৮০%** জার্মিনেশন হতে হবে। এর জন্য সরবরাকারী প্রতিষ্ঠানকে দরপত্রের সাথে প্রত্যেক প্রকার বীজের স্যাম্পল পাঠাতে হবে।

৬. **মালামাল সরবরাহের স্থান:** বীজ সমূহ নিজ খরচে তিন জেলায় **(রংপুর, কুড়িগ্রাম ও নীলফামারী) প্রকল্প অফিসে পৌছাতে হবে।** এবং পরিবহন জনিত ক্ষয়-ক্ষতি হলে তার দায়-দায়িত্ব সরবরাহকারী প্রতিষ্ঠান বহন করবেন।

৭. কার্যাদেশ গ্রহন/চুক্তির পূর্বে টেন্ডার সিডিউলের শর্ত অনুসারে সর্বমোট **চুক্তি মুল্যের ২% হারে পারফরমেন্স সিকিউরিটি** পে-অর্ডার আকারে **"ইকো-সোশ্যাল ডেভলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও)"** অনুকূলে জমা প্রদান করতে হবে।

৮. পারফরমেন্স সিকিউরিটি হিসেবে ইএসডিও'র নিকট জমাকৃত পে-অর্ডারটি সফল ভাবে মালামাল সরবরাহ/কাজ সমাপ্তির ২ (দুই) সপ্তাহ পর ফেরৎ দেওয়া হবে।

৯. প্রয়োজন হলে নির্বাচিত দরদাতাকে কার্যাদেশ প্রাপ্তির পূর্বে ইএসডিও'র সাথে ৩০০ টাকার জুডিশিয়ারী স্ট্যাম্পে লিখিত চুক্তিবদ্ধ হতে হবে। চুক্তিপত্রের মূল কপি ইএসডিও'র নিকট সংরক্ষিত থাকবে। এ ক্ষেত্রে নির্বাচিত দরদাতাকে উক্ত স্ট্যাম্পের খরচ বহন করতে হবে।

Eco-Social Development Organisation (ESDO) Collegepara, Thakurgaon Date: 14.06.2022

১০. দরপত্রের সহিত দরদাতা কর্তৃক কোন অতিরিক্ত শর্তারোপ করা যাবে না।

১১. কর্তৃপক্ষ দরপত্রে উল্লেখিত কাজের পরিমান কমানো/বাড়ানোর ক্ষমতা সংরক্ষন করেন। এক্ষেত্রে প্রতিটি কাজের একক মূল্য (দরপত্রে উল্লেখিত) অপরিবর্তিত থাকবে।

১২. দরদাতা কর্তৃক দরপত্রে প্রদানকৃত দর কমপক্ষে ৩০ দিন পর্যন্ত কোন অবস্থাতেই পরিবর্তন করা যাবে না।

১৩. দরপত্রের কোন স্থানে লেখার উপর কোন ঘষা মাজা, অস্পষ্টতা বা কাটা কাটি গ্রহন যোগ্য হবে না। যদি কোন স্থানে কাটা কাটি হয় তাহলে উহা স্পষ্ট অক্ষরে লিখে সংশ্লিষ্ঠ দরদাতার অনুস্বাক্ষর করতে হবে। অন্যথায় দরপত্রটি বাতিল বলে গন্য হবে।

১৪. **বিল প্রদান প্রক্রিয়াঃ**

- বিবরণ ও শর্ত মোতাবেক সম্পূর্ণ বীজ বুঝে পাওয়ার পর **৭৫% বিল** এবং পরবর্তী ১৪ দিনের মধ্যে সরবরাহকৃত সকল বীজের **নূন্যতম ৮০%** অংকুরোদগম হওয়ার পর **২৫%** বিল প্রদান করা হবে।
- বিল যাচাই বাছাই করে নির্বাচিত প্রতিষ্ঠানের নামে এ্যাকাউন্ট পেয়ী চেক/বিইএফটিনএন/আরটিজিএস/ ডিডি'র মাধ্যমে বিল প্রদান করা হবে। তবে ডিডি'র ক্ষেত্রে সরবরাহকারী প্রতিষ্ঠান ডিডি খরচ বহন করবেন।

১৫. বিল প্রদানের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক ভ্যাট ও ট্যাক্স কর্তন করে বিল প্রদান করা হবে।

১৬. দরপত্র গ্রহন বা বাতিলের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত। ইএসডিও কর্তৃপক্ষ সর্বনিম্ন দরদাতাকে কার্যাদেশ প্রদানে বাধ্য নয়। কর্তৃপক্ষ কোনকারন দর্শানো ব্যতিরে কে যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহন কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষন করে।

১৭. মালামাল/বীজের গুনগত মানের সাথে কোন প্রকার সমঝোতা/আপস গ্রহণ যোগ্য হবে না।

১৮. ইএসডিও কখনই শিশু শ্রমকে প্রশ্রয় দেয়না। যে সব প্রতিষ্ঠানে শিশু শ্রমিক নিয়োজিত রয়েছে সেই সব প্রতিষ্ঠানকে দরপত্র জমা প্রদান না করার জন্য অনুরোধ করা যাচ্ছে। দরপত্র দাখিলকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে কোনরুপ নারী/শিশু নির্যাতনের অভিযোগ থাকলে এবং তা প্রমাণিত হলে উক্ত প্রতিষ্ঠানের দরপত্র/কার্যাদেশ বাতিল করার ক্ষমতা ইএসডিও কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

সরবরাহকারী প্রতিষ্ঠানের	**আহ্বায়ক**
নামঃ	**ইএসডিও কেন্দ্রীয় ক্রয় কমিটি**
স্বাক্ষর	**গোবিন্দনগর, ঠাকুরগাঁও।**
(তারিখ ও সীলসহ)	

Eco-Social Development Organisation (ESDO) Collegepara, Thakurgaon
Date 14.06.2022

মালামালের বিবরনঃ

(বীজ সমূহ স্বনামধন্য কোম্পানীর যেমন- লালতীর, মেটাল, ইস্পাহানী, ব্র্যাক ইত্যাদি হতে সরবরাহ করতে হবে)

ক্রঃ নং	শাক/সবজি বীজের নাম, জাত ও বিবরন	প্যাকেট প্রতি পরিমান	মোট পরিমান
১.	লাল শাক (উচ্চ ফলন শীল জাত/হাইব্রীড জাত)	৫০ গ্রমের প্যাকেট	১২১০ প্যাকেট বা ৬০.৫ কেজি
২.	কলমী শাক (উচ্চ ফলন শীল জাত/হাইব্রীড জাত)	৫০ গ্রমের প্যাকেট	১২১০ প্যাকেট বা ৬০.৫ কেজি
৩.	চাল কুমড়া (উচ্চ ফলন শীল জাত/হাইব্রীড জাত)	২০ গ্রমের প্যাকেট	১২১০ প্যাকেট বা ২৪.২ কেজি
৪.	ঝিঙ্গা (উচ্চ ফলন শীল জাত/হাইব্রীড জাত)	২০ গ্রমের প্যাকেট	১২১০ প্যাকেট বা ২৪.২ কেজি
৫.	শিম (উচ্চ ফলন শীল জাত/হাইব্রীড জাত)	১০ গ্রমের প্যাকেট	১২১০ প্যাকেট বা ১২.১কেজি

Eco-Social Development Organisation (ESDO)
Date 14.06.2022
Collegepara, Thakurgaon

আর্থিক প্রস্তাবনাঃ

দরদাতাগণ নিম্নের ফরমেটে দর প্রদান করবেন

ক্রঃ নং	শাক/সবজি বীজের নাম, জাত ও বিবরন	প্যাকেট প্রতি পরিমান	মোট পরিমান	একক মূল্য (প্যাকেট প্রতি)	মোট মূল্য
১	২	৩	৪	৫	৬
১.	লাল শাক (উচ্চ ফলন শীল জাত/হাইব্রীড জাত)	৫০ গ্রমের প্যাকেট	১২১০ প্যাকেট		
২.	কলমী শাক (উচ্চ ফলন শীল জাত/হাইব্রীড জাত)	৫০ গ্রমের প্যাকেট	১২১০ প্যাকেট		
৩.	চাল কুমড়া (উচ্চ ফলন শীল জাত/হাইব্রীড জাত)	২০ গ্রমের প্যাকেট	১২১০ প্যাকেট		
৪.	ঝিঙ্গা (উচ্চ ফলন শীল জাত/হাইব্রীড জাত)	২০ গ্রমের প্যাকেট	১২১০ প্যাকেট		
৫.	শিম (উচ্চ ফলন শীল জাত/হাইব্রীড জাত)	১০ গ্রমের প্যাকেট	১২১০ প্যাকেট		
পরিবহন, ভ্যাট ও ট্যাক্সসহ মোট মূল্য					

কথায়ঃ .... ।

Eco-Social Development Organisation (ESDO)
Collegepara, Thakurgaon
Date: 14.06.2022

বীজ সমূহ সরবরাহের পরিমান ও ঠিকানাঃ

ক্রমিকঃ নং	শাক/সবজি বীজের নাম	প্যাকেট এর সংখ্যা	সরবরাহের স্থান/ঠিকানা
০১.	**লাল শাক, কলমি শাক, ঝিঙ্গা, শিম, চালকুমড়া**	১২১০ × ৫ = ৬০৫০ প্যাকেট।	যোগাযোগঃ ললীত চন্দ্র, এরিয়া ম্যনেজার, গঙ্গাচড়া, রংপুর। মোবাইল নংঃ ০১৭২২৪৪৫৬৫৮।